

উপাচার্য নিয়োগ ও বেতন দাবিতে বাকুরিতে বিক্ষোভ সমাবেশ

বাকুরি সংবাদদাতা । বকেয়া বেতন-ভাতা দ্রুত পরিশোধ এবং উপাচার্য নিয়োগের দাবিতে সোমবার থেকে পূর্ণ দিবস কর্মবিরতি পালন শুরু করেছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুরি) ৩য় ও ৪র্থ শ্রেণী এবং কারিগরি কর্মচারীরা।

জানা যায়, সকাল থেকে কাজ ফেলে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন একাডেমিক, হল, অনুষ্ঠানীয় ভবন, খামার থেকে ৩য় ও ৪র্থ শ্রেণী এবং কারিগরি কর্মচারীরা ৩য় শ্রেণী কর্মচারী সমিতির কার্যালয়ে জমায়েত হয়। পরে

বিভিন্ন শ্রেণী কর্মচারীরা সমাবেশ ও বিক্ষোভ সমাবেশ করে এবং দাবি আদায় না হওয়া পর্যন্ত পূর্ণ দিবস কর্মবিরতি পালনের ঘোষণা দেয়। এ সময় কর্মচারীদের সঙ্গে কথা বলে জানা যায় এপ্রিল মাসের বেতন না পেয়ে পরিবার নিয়ে মানবেজর জীবনযাপন করছেন। অন্যদিকে চলতি মাসের প্রায় অর্ধেক শেষ হলেও ডিসি নিয়োগ না চলতি মাসের বেতন না পাওয়ায় শঙ্কায় আছেন তাঁরা। ৩য় শ্রেণী কর্মচারী সমিতির সভাপতি আইনুল ইসলাম বলেন, 'বিশ্ববিদ্যালয়ের

বিভাগগুলো যেমন হেলথকেয়ার সেন্টার, পরীক্ষা শাখা, হিসাব শাখা ব্যতীত সকল কর্মচারী পূর্ণদিবস কর্মবিরতি পালন করেছে। বেতন-ভাতা না হওয়ার আগ পর্যন্ত আমাদের আন্দোলন অব্যাহত থাকবে।' তিনি কর্মচারীদের পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের অচল অবস্থা নিরসন করতে দ্রুত ডিসি নিয়োগেও দাবি জানান। এদিকে কর্মচারীদের কর্মবিরতিতে বিপাকে পড়েছে শিক্ষার্থীরা। বিভিন্ন হলে এবং অনুষ্ঠানীয় ভবনে দায়িত্বরত কর্মচারীরা না থাকায় স্বাভাবিক কাজকর্ম ব্যাহত হচ্ছে।

অনির্দিষ্টকালের কর্মবিরতি

হলগুলোতে পরিচ্ছন্নতা কর্মী কাজ না করায় শিক্ষার্থীরা বিপাকের মধ্যে পড়েছে। উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য না থাকা গত এপ্রিল মাসের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের বেতনের ফাইলে স্বাক্ষর হয়নি। বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুসারে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীদের বেতনের ফাইলে উপাচার্যের স্বাক্ষর দরকার হয়। বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য থাকলেও আর্থিক ফাইলে তার স্বাক্ষর করার এখতিয়ার না থাকায় বেতন ভাতা পায়নি কেউ।